# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী

অর্থ বছর: ২০২০-২১ খ্রি.।

সভাপতি: জনাব মো: ওমর আলী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ: ২৪/০৯/২০২০ খ্রি.। সময়: সকাল ১১.৩০ ঘটিকা।

সভার আলোচ্য বিষয়:

০১। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (নাগরিক সনদ) সম্পর্কে আলোচনা।

০২। সেবা প্রাপ্তি/প্রদান পদ্ধতি বিষয়ক আলোচনা।

০৩। বিবিধ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব মো: রফিকুল ইসলাম, ক্ষেত্রসহকারী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীকে সভার আলোচনা আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা সিটিজেন চার্টার অনেক দপ্তরের দেয়ালে টাঙ্গানো হলেও বিষয়টি সকলের নিকট স্পষ্ট বা পরিষ্কার নয়। এবিষয়ে ধারনা প্রদানের জন্য সদস্য সচিব সভাপতিকে অনুরোধ জানান।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (নাগরিক সনদ) সম্পর্কে আলোচনা:** সভাপতি আলোচনার সূত্রপাত করেন এবং বলেন যে, বাংলাদেশ একটি গণপ্রজাতন্ত্রী রাষ্ট্র। রাষ্ট্রের জনগণের জীবনমান উন্নয়ন যে কোন স্বাধীন, কল্যাণকর রাষ্ট্রের বৈশিষ্ট্য। ১৯৭১ সালে স্বাধীনতা লাভের পর রচিত সংবিধানের ২১(২) ধারাতে বর্ণিত আছে “সকল সময়ে জনগণের সেবা করিবার চেষ্টা করা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত প্রত্যেক ব্যক্তির কর্তব্য”। সরকারি কর্মচারীগণ আন্তরিকতার সাথে সেবা প্রদান করলে জনগণ উপকৃত হবেন। কিন্তু স্বেচ্ছাচারিতার সাথে সেবা প্রদান করলে সেবার মান কাঙ্খিত হবে না এবং জনগণ সন্তুষ্টও হবে না। জনগণের ক্রমবর্ধমান ও পরিবর্তনশীল চাহিদা মেটাতে Public Administration Reforms Committee (PARC) -2000 সালে সরকারি দপ্তরে নাগরিক সনদ/সিটিজেন চার্টার স্থাপনের সুপারিশ করে। বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক সেবা প্রত্যাশীদের জন্য সেবা প্রদান সম্পর্কিত লিখিত প্রতিশ্রুতিই হলো সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেন চার্টার। এটি এমন একটি সনদ যার মাধ্যমে সরকারি দপ্তর কি কি সেবা প্রদান করে, কিভাবে প্রদান করে, সেবা প্রদানের সময়সীমা, সেবা মূল্য, কাঙ্খিত সেবা না পেলে অভিযোগ দায়ের পদ্ধতি ও নিষ্পত্তির বর্ণনা থাকে। এর মাধ্যমে জনগণ কাঙ্খিত সেবা পেয়ে উপকৃত হন এবং সরকারি কর্মচারী সেবা প্রদানের মাধ্যমে তার কর্মসম্পাদন মূল্যায়ন করতে পারে। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী মৎস্য সম্পদের সংরক্ষণ, প্রযুক্তির সম্প্রসারণ, মৎস্য উৎপাদন বৃদ্ধি, মৎস্যজীবী ও সংশ্লিষ্টদের জীবনমান উন্নয়নে কাজ করে থাকে। এ বিষয় সংশ্লিষ্ট একটি সিটিজেন চার্টার অত্র দপ্তর প্রণয়ন করেছে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহীর দপ্তরের বারান্দায় সরকারি নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার বা নাগরিক সনদ স্থাপন করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে তিনি সিটিজেন চার্টার পাঠ করে বর্ণনা মোতাবেক সেবা গ্রহণের অনুরোধ জানান। | অংশগ্রহণকারী ও আগ্রহী সুফলভোগীগণ |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **সেবা প্রাপ্তি/প্রদান পদ্ধতি বিষয়ক আলোচনা:**<br>সদস্য সচিব সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ১.৪ নং ক্রমিকের নির্দেশনামতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিত করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের কয়েক উপায়ে জনানো যায়। যেমন-<br>০১। সেবা প্রদান প্রতিশ্রুতি চার্ট দৃশ্যমান স্থানে টাঙ্গিয়ে দিয়ে।<br>০২। সেবা প্রদান প্রতিশ্রুতির লিফলেট বিতরণের মাধ্যমে।<br>০৩। সেবা প্রদান প্রতিশ্রুতির পোস্টার টাঙ্গিয়ে।<br>০৪। সেবা প্রদান প্রতিশ্রুতির পিডিএফ ডকুমেন্ট ওয়েব পোর্টাল, ফেসবুকসহ সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করে।<br>০৫। বিভিন্ন সভা সেমিনারে আলোচনার মাধ্যমে। ইত্যাদি।<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি: সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি দপ্তরের বারান্দায় কম্পিউটার Print করে ৮.৫ ফিট * ৪.০ ফিট মাপের ফলকে সুস্পষ্ট ও দৃশ্যমান হরফে অটকানো আছে। উক্ত সনদে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা ও অভ্যন্তরীণ সেবা পৃথক পৃথকভাবে বর্ণিত আছে। এছাড়া দপ্তরের Web Portal-fisheries.puthia.rajshahi.gov.bd তে আপলোড করা আছে। পুঠিয়া উপজেলার মৎস্য চাষ ও মৎস্য সংশ্লিষ্ট পেশার বা যে কোন জনগণ তার কাঙ্খিত সেবাটি নাগরিক সনদ ফলক ও Web Portal থেকে পাঠ করে জেনে নিতে পারবেন। | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি/নাগরিক সনদ জনগণের মাঝে ব্যাপকভাবে বিস্তৃত করা বা জানানোর জন্য লিফলেট আকারে সেবা গ্রহীতাদের মাঝে বিতরণ করতে হবে। | ক্ষেত্রসহকারী লিফলেট তৈরি করে বিতরণ করবেন। |
| ০৩ | **বিবিধ:** সভাপতি বলেন যে, সরকারের বিভিন্ন উন্নয়নমুখী উদ্যোগকে সফল করার জন্য দপ্তরের সকল কর্মীকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সরকারের নির্বাচনী ইশতেহার, টেকসই উন্নয়ন অভীষ্ট, প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১ প্রভৃতি বিষয় অধ্যয়ন করে অনুধাবন করতে হবে। সেভাবে সরকারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে জনসম্পৃক্ততা বাড়িয়ে সেবা প্রদান করতে হবে।<br>সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হলো। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল কর্মী ও সেবা গ্রহীতাকে আন্তরিক হতে হবে। | দপ্তরের সকল কর্মী। |

২৪/০৯/২০২০

(মো: ওমর আলী)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।

পরিশিষ্ট "ক"

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ ১ম সভায় উপস্থিতিরি বিবরণী

সভাপতি: জনাব মো: ওমর আলী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী।

সভার তারিখ: ২৪/০৯/২০২০ খ্রি.।   সময়: সকাল ১১.৩০ ঘটিকা।

সভায় অংশগ্রহণকারীর বিবরণী ও হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবী | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: ওমর আলী, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০২ | মো: নুরে আলম, খামার ব্যবস্থাপক | মৎস্য বীজ উৎপাদন খামার, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৩ | জনাব মো: রফিকুল ইসলাম, ক্ষেত্রসহকারী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৪ | জনাব মো: সাদেকুল ইসলাম, ক্ষেত্রসহকারী (ইউনিয়ন প্রকল্প) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৫ | জনাব মো: আনোয়ার হোসেন, ক্ষেত্রসহকারী (এনএটিপি-২ প্রকল্প) | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৬ | জনাব মো: সুজাউল হক সরকার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৭ | জনাব শ্রী রিপন কুমার সাহা, অফিস সহায়ক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পুঠিয়া, রাজশাহী। | |
| ০৮ | শ্রী সুবল চন্দ্র হালদার, মৎস্যজীবী | পুঠিয়া, রাজশাহী। | |
| ০৯ | মো: শহিদুল ইসলাম, মৎস্যজীবী | বিদিরপুর, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১০ | মো: মোজাফ্ফর হোসেন, মৎস্য চাষী | উদনপুর, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১১ | মো: আনোয়ার হোসেন, মৎস্য চাষী | কৃষ্ণপুর, পুঠিয়া, রাজশাহী। | |
| ১২ | মো: আব্দুল গাফ্ফার রিপন, মৎস্য খাদ্য বিক্রেতা | মাইপাড়া, বানেশ্বর, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৩ | মো: শফিকুল ইসলাম, মৎস্য খাদ্য বিক্রেতা | রাজবাড়ি বাজার, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৪ | মো: আতাউর রহমান, মৎস্য হ্যাচারী মালিক | তেবাড়িয়া, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৫ | মো: আজিজুর রহমান দুলাল, মৎস্য আড়ৎদার | পুঠিয়া মৎস্য আড়ৎ, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৬ | মো: আইয়ুব আলী, মৎস্য আড়ৎদার | মোল্লাপাড়া মৎস্য আড়ৎ, শিলমাড়িয়া, পুঠিয়া, রাজশাহী। | |
| ১৭ | মোহাম্মদ আলী, সাংবাদিক | বানেশ্বর, পুঠিয়া, রাজশাহী। | |

২৪/০৯/২০২০

(মো: ওমর আলী)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী।